জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

# ফুয়েল পাস (অ্যাপস্ সংস্করণ)

## (ভোক্তা/যানবাহন মালিকের জন্য)

## ব্যবহার নির্দেশিকা

জ্বালানি বিতরণ ব্যবস্থাপনা সিস্টেম

## ১: অ্যাপস্ পরিচিতি

Fuel Pass হলো জ্বালানি বিতরণ ব্যবস্থাপনার একটি ডিজিটাল প্ল্যাটফর্ম, যার মাধ্যমে অনুমোদিত ভোক্তা নির্ধারিত কোটার মধ্যে জ্বালানি গ্রহণ করতে পারবেন। সিস্টেমটি নিরাপদ QR কোড, রিয়েল-টাইম কোটা ব্যবস্থাপনা এবং তথ্য যাচাইয়ের মাধ্যমে স্বচ্ছ ও নিয়ন্ত্রিত সরবরাহ নিশ্চিত করার জন্য পরিকল্পিত।

এই ব্যবহারকারী নির্দেশিকা বিআরটিএ-তে নিবন্ধনকৃত বাইক, শেয়ার-রাইডার এবং ব্যক্তিগত গাড়ির মালিকদের জন্য প্রস্তুত করা হয়েছে, যাতে নিবন্ধন থেকে শুরু করে ফুয়েল গ্রহণ পর্যন্ত প্রতিটি ধাপ স্পষ্টভাবে অনুসরণ করা যায়।


## ১.২ অ্যাপস্ ডাউনলোড

ব্যবহারকারী প্লে-স্টোর থেকে এই ডাউনলোড লিংক ব্যবহার করে ফুয়েল পাস অ্যাপস্ ডাউনলোড করতে পারবেন।





https://play.google.com/store/apps/details?id=com.emrd.fuelpass

iPhone ব্যবহারকারীগণ www.fuelpass.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে ফুয়েল পাসের জন্য নিবন্ধন করতে পারবেন।




অ্যাপ্ ডাউনলোড করার পর ব্যবহারকারী চিত্রে প্রদর্শিত পেইজটিতে ‘বাংলা’ এবং ‘ইংরেজি’ ভাষা পরিবর্তনের অপশন দেখতে পারবেন। ব্যবহারকারী যেকোন একটি ভাষা নির্বাচন করে ‘Continue’ বাটনে ক্লিক করলে পরবর্তী পেইজে চলে যাবেন।


## ১.২ অ্যাপস্-এ প্রবেশের নিয়ম (ভোক্তা/যানবাহন মালিকের রেজিস্ট্রেশন)




চিত্র-১

অ্যাপ্ ডাউনলোড করার পর ব্যবহারকারী চিত্রে প্রদর্শিত পেইজটি দেখতে পারবেন। এরপর “আমি একজন নাগরিক” বাটনে ক্লিক করলে নাগরিক রেজিস্ট্রেশন পেইজে চলে যাবেন।


## ২ : অ্যাপস্-এ রেজিস্ট্রেশন




ব্যবহারকারী অ্যাকাউন্ট নিবন্ধন করার জন্য "অ্যাকাউন্ট নেই" বাটনে ক্লিক করুন

চিত্র-২

ব্যবহারকারী অ্যাকাউন্ট নিবন্ধনের জন্য বিআরটিএ-তে নিবন্ধিত যানবাহনের তথ্য প্রদান করতে হবে। নিম্নে চিত্র-৩ প্রদর্শিত হলো।




ব্যবহারকারীর যানবাহনটি কোন জোন এবং সিরিজের আওতাভুক্ত তা ড্রপডাউন মেন্যু হতে নির্বাচন করুন

বিআরটিএ হতে নিবন্ধনকৃত যানবাহনের শেষ ৬টি নম্বর এখানে এন্ট্রি করুন

নিবন্ধনকৃত যানবাহনের চেসিস নম্বরের শেষ ৪টি ডিজিট এখানে এন্ট্রি করুন

নিবন্ধনকৃত যানবাহনের ইঞ্জিন নম্বরের শেষ ৪টি ডিজিট এখানে এন্ট্রি করুন

নিবন্ধনকৃত যানবাহনটির তৈরির বছর নির্বাচন করুন

"যানবাহন যাচাই করুন" বাটনে ক্লিক করলে বিআরটিএ ডাটাবেইজ হতে স্বয়ংক্রিয়ভাবে তথ্য যাচাই করা হবে, যদি তথ্য সঠিক না হয় তাহলে প্রচেষ্টাটি বাতিল হয়ে যাবে

চিত্র-৩

যানবাহনের তথ্য যাচাই সম্পন্ন হলে নিবন্ধনকারীর মোবাইল নম্বরে ওটিপি যাচাইকরণের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন হবে।





চিত্র-৪

বিআরটিএ হতে যানবাহনের নিবন্ধনকৃত নম্বর যাচাইয়ের পর বাম পাশের স্ক্রিনে বিস্তারিত তথ্য প্রদর্শিত হবে

OTP-এর জন্য ব্যবহারকারীর যেকোন সচল মোবাইল নম্বর এন্ট্রি করবে

মোবাইল নম্বর এন্ট্রি করার পর "ওটিপি পাঠান" বাটনে ক্লিক করবে





চিত্র-৫

ব্যবহারকারীর মোবাইলের মেসেজ অপশন হতে প্রাপ্ত ৬ সংখ্যার ওটিপি নম্বরটি এখানে এন্ট্রি করতে হবে

সংশ্লিষ্ট ওটিপি এন্ট্রি করার পর যাচাইকরণ বাটনে ক্লিক করলে নিবন্ধন সম্পন্ন হবে

ওটিপি যাচাইকরণ সম্পন্ন হলে ব্যবহারকারীর নিম্নোক্ত স্ক্রিনের মাধ্যমে পাসওয়ার্ড এন্ট্রি সম্পন্ন করতে হবে (চিত্র-৬)




নিবন্ধন সম্পন্ন হওয়ার পর ব্যবহারকারীর প্রোফাইলে তার নাম স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে

ব্যবহারকারীর ঠিকানা ঘরে তথ্য এন্ট্রি করুন

ব্যবহারকারী এই ঘরে ৮ সংখ্যার পাসওয়ার্ড এন্ট্রি করুন

ব্যবহারকারী পুনরায় সংশ্লিষ্ট ৮ সংখ্যার পাসওয়ার্ড এন্ট্রি করুন

"নিবন্ধন সম্পন্ন করুন" বাটনে ক্লিক করে নিবন্ধন নিশ্চিত করুন

চিত্র-৬

## ৩ : অ্যাপস্-এ লগইন


নিবন্ধন সম্পন্ন করার পর ব্যবহারকারী স্বয়ংক্রিয়ভাবে লগইন স্ক্রিনে প্রবেশ করবে। এখানে গাড়ির মালিক তার রেজিস্টারকৃত মোবাইল নম্বর এন্ট্রি করে সংশ্লিষ্ট যানবাহনের তথ্য ও পাসওয়ার্ড এন্ট্রি করে অ্যাপস্-এ প্রবেশ করবেন।




চিত্র-৭

## ৪ : অ্যাপস্-এ কার্যক্রম

ব্যবহারকারী অ্যাপস্-এ লগইন করার পর ০৮ নম্বর চিত্রের হোমপেইজ প্রদর্শিত হবে। এখানে সংশ্লিষ্ট গাড়ির তথ্য, জ্বালানির সাপ্তাহিক ও মাসিক কোটার তথ্য, ব্যবহৃত জ্বালানির প্রকৃত তথ্য দেখতে পারবেন। একটি স্ট্যাটিক QR কোড স্বয়ংক্রিয়ভাবে জেনারেট হয়ে থাকবে, যা তিনি ‘পূর্ণ স্ক্রিনে দেখুন’ বাটনে ক্লিক করে দেখতে পারবেন এবং মোবাইলের গ্যালারিতে সেভ করেও রাখতে পারবেন। আবার চাইলে তিনি QR কোড ‘পুনরায় তৈরি করুন’ বাটনে ক্লিক করে QR কোড রিজেনারেট করতে পারবেন। সেক্ষেত্রে তার পূর্বের QR কোডটি ব্যবহারের অযোগ্য হয়ে যাবে।




অ্যাপে লগইন করার পর ব্যবহারকারীর যানবাহনের তথ্য প্রদর্শিত হবে।

যানবাহনের জ্বালানির আপডেট তথ্য স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে

যানবাহন মালিকের আইডি 'সচল' প্রদর্শিত হবে

স্ট্যাটিক QR কোড স্বয়ংক্রিয়ভাবে জেনারেট হয়ে থাকবে "পূর্ণ স্ক্রিনে দেখুন" বাটনের ক্লিক করতে "চিত্র-৯-ক (রাইড শেয়ারিং) ও ৯-খ (ব্যক্তিগত মোটরবাইক)"-এ স্ক্রিনটি প্রদর্শিত হবে

QR কোড পুনরায় তৈরি করার জন্য "পুনরায় তৈরি করুন" বাটনে ক্লিক করুন, সেক্ষেত্রে পূর্বের পূর্বের QR কোডটি ব্যবহারের অযোগ্য হয়ে যাবে। যা "চিত্র-১০"-এর মাধ্যমে সম্পন্ন হবে

চিত্র-৮

**পূর্ণ স্ক্রিনে দেখুন (চিত্র-৯-ক) : রাইড শেয়ারিং**




**পূর্ণ স্ক্রিনে দেখুন (চিত্র-৯-খ) : ব্যক্তিগত**




# যানবাহনের জ্বালানি গ্রহণের জন্য স্টেশনের অপারেটরের কাছে এই QR কোডটি প্রদর্শন করুন।

QR কোডটি মোবাইলের গ্যালারিতে ছবি/ইমেজ আকারে সংরক্ষণ করতে 'গ্যালারিতে সংরক্ষণ করুন' বাটনে ক্লিক করুন। মোবাইলে সংরক্ষিত QR কোডটি পরবর্তীতে পুনরায় ব্যবহার করা যাবে।

**পুনরায় তৈরি করুন (চিত্র-১০)**





অ্যাপের ড্যাশবোর্ড থেকে নতুন QR কোড তৈরি করতে 'হ্যাঁ, তৈরি করুন' বাটনে ক্লিক করুন। নতুন QR কোড তৈরি হওয়ার পর 'গ্যালারিতে সংরক্ষণ করুন' বাটনে ক্লিক করলে QR কোডটি ব্যবহারকারীর মোবাইল গ্যালারিতে সংরক্ষিত হবে। উল্লেখ্য, নতুন QR কোড তৈরি হওয়ার সাথে সাথে পূর্ববর্তী QR কোডটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।


# ৫: ফুয়েল প্রতিবেদন

ড্যাশবোর্ডে 'ইতিহাস' ট্যাবে ক্লিক করলে ব্যবহারকারী এযাবৎকালের সমস্ত জ্বালানি নেওয়ার তথ্য দেখতে পারবেন (চিত্র-১১)। ড্যাশবোর্ডে 'প্রোফাইল' ট্যাবে ক্লিক করলে (চিত্র-১২) প্রোফাইল সংক্রান্ত তথ্য, থিম ও ভাষা পরিবর্তনের অপশন এবং লগ আউট এর অপশন দেখতে পারবেন।

**জ্বালানি ব্যবহারের তথ্য (চিত্র-১১)**




**প্রোফাইল (চিত্র-১২)**




# ধন্যবাদ